

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৮৭০

৯. কিতাবুস সালাত (کتاب الصلاة)

পরিচ্ছেদঃ ভীতিকালীন সময়ে ষষ্ঠ প্রকারের সালাত

ذِكْرُ النَّوْعِ السَّادِسِ مِنْ صَلَاةِ الْخَوْفِ

আরবী

2870 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُتَنَى قَالَ: حَدَّتَنَا أَبُو خَيْثَمَةَ قَالَ: حَدَّتَنَا سَعِيدُ بْنُ عَامِ عِنْ أَشْعَثَ عَنِ الْحَسَنِ عَنْ أَبِي بَكْرَةَ: أَنَّ رَسُولَ الله صلى الله عليه وسلم صفَّهم عَامِ عَنْ أَشْعَثَ عَنِ الْحَسَنِ عَنْ أَبِي بَكْرَةَ: أَنَّ رَسُولَ الله صلى الله عليه وسلم صفَّهم صنَقَيْنِ فَصلَلَى رَكْعَتَيْنِ بِالصَّفِّ الَّذِي يَلِيهِ ثُمَّ سَلَّمَ وَتَأَخَّرُوا وَتَقَدَّمَ الْآخَرُونَ فَصلَلَى بِهِمْ رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ فَكَانَتْ لِرَسُولِ اللَّهِ صلَلَى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَرْبَعَ رَكَعَاتٍ وَلِلْمُسْلِمِينَ رَكْعَتَيْنِ رُعَتِين. وَكُعَتَيْن رَكْعتين.

الراوي: أَبُو بَكْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2870 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1135).

বাংলা

২৮৭০. আবূ বাকরাহ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম (ভীতিকালীন সালাত আদায় করার জন্য) তাদেরকে দুই দলে বিভক্ত করেন। তারপর তিনি কাছের দলের সাহাবীদের নিয়ে দুই রাকা'আত সালাত আদায় করেন। তারপর তিনি সালাম ফেরান। তারা পিছনে চলে যান আর অন্য দলের সাহাবীগণ সামনে আসেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাদের নিয়ে দুই রাকা'আত সালাত আদায় করেন। তারপর সালাম ফেরান। ফলে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চার রাকা'আত আর সাহাবীদের দুই দুই রাকা'আত সালাত হয়।"[1]

ফুটনোট

[1] দারাকুতনী: ২/৬১; সুনান বাইহাকী: ৩/২৫৯; নাসাঈ: ৩/১৭৯; মুসনাদ আহমাদ: ৫/৩৯; আবূ দাউদ: ১২৪৮;



তাহাবী: ১/৩১৫; আত তায়ালিসী: ৮৭৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ১১৩৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ বাকরা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন